# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৬৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই কারণে মুসল্লী ব্যক্তিকে সালাতে সামনে ও ডানে থুথু ফেলতে নিষেধ করা হয়েছে

## ذكر العلة التي من أجلها زُجِرَ عن تَنَخُّمِ الْمَرْءِ أَمَامَهُ أَوْ عَنْ يَمِينِهِ فِي صلاته

আরবী

2266 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا قَامَ أَحَدُكُمْ إِلَى الصَّلَاةِ فَلَا يَبْصُقْ أَمَامَهُ فَإِنَّهُ يُنَاجِي رَبَّهُ مَا دَامَ فِي مُصَلَّاهُ وَلَا عَنْ يَمِينِهِ فَإِنَّ عَنْ يَمِينِهِ مَلَكاً وَلْيَبْصُقْ عن شماله أو تحت رجله فيدفِنْهُ)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2266 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (3973): ق.

বাংলা

২২৬৬. আবূ হুরাইরা ও আবূ সা’ঈদ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ সালাতে দাঁড়ায়, তখন সে যেন তার সামনে থুথু না ফেলে কেননা সে যতক্ষন সালাতে থাকে, ততক্ষন সে তার প্রভুর সাথে একান্ত আলাপে নিয়োজিত থাকে। আর ডান দিকেও থুথু ফেলবে না। কেননা তার ডান দিকে একজন ফেরেস্তা রয়েছেন। বরং সে যেন বাম দিকে অথবা তার পায়ের নিচে ফেলে তা মাটিতে পুতে দেয়।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬৮৬; সহীহ আল বুখারী: ৪১৬; বাগাবী: ৪৯০; সুনান বাইহাকী: ২/২৯৩-২৯৪।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩৯৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91584

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন